নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২১ ২৬ জুলাই ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নেদারল্যান্ডসের ডেল্টারেজ ইনস্টিটিউটের গবেষকদের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের যৌথ সভা

নেদারল্যান্ডসের পানি ও পরিবেশ বিজ্ঞানের জন্য বিখ্যাত ডেল্টারেজ ইনস্টিটিউটের গবেষকদের সঙ্গে আয়োজিত যৌথ আলোচনা সভায় অংশ নিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শুক্রবার (২৫ জুলাই ২০২৫) ডেল্টারেজ ইনস্টিটিউটে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে গবেষক ও স্পিকার হিসেবে ছিলেন নিশ্চল সারজু, শাহনূর হাসান, আমগাদ ওমর, বব স্মিটি ও টমাসো বোশেচ্চিটি। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মোহিনুজ্জামান এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাহরিয়ার মু. আরিফুর রহমান।

ঘণ্টাব্যাপী চলমান সভায় ডেল্টারেজে যে প্রজেক্ট রয়েছে গবেষকগণ সেগুলো তুলে ধরেন এবং তারা নোবিপ্রবিকে প্রজেক্টগুলোতে অন্তর্ভূক্ত করার আগ্রহ প্রকাশ করেন। এছাড়াও নোবিপ্রবি'র মাস্টার্স ও পিএইচডি শিক্ষার্থীদের প্রজেক্টগুলোতে কো-সুপারভাইজার হিসেবে গাইড করার প্রত্যাশা ব্যক্ত করেন তারা। এ সময় নোবিপ্রবিকে ভবিষ্যতে যৌথ গবেষণার জন্য প্রজেক্ট সাবমিশনের আমন্ত্রণ জানান ডেল্টারেজ কর্তৃপক্ষ।

পরবর্তীতে ডেল্টারেজ ইনস্টিটিউট যে পদ্ধতিতে ডেল্টা প্ল্যান ল্যাব পরিচালনা করছে, তা নোবিপ্রবি উপাচার্যসহ অন্যান্যদের নিকট উপস্থাপন করা হয়। এ সময় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ল্যাব কার্যক্রম ঘুরে দেখেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪